সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

৩০ আগস্ট ২০২৩
তারিখঃ --------------------
১৫ ভাদ্র ১৪৩০

এসএফডি সার্কুলার নং: ০২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**"পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃ অর্থায়ন স্কিম"।**

এসএফডি সার্কুলার নং-০৪, তারিখ: ২৪ জুলাই ২০২২-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বর্ণিত সার্কুলার এর মাধ্যমে বাংলাদেশ সরকারের ঘোষিত বিভিন্ন কর্ম পরিকল্পনা যেমন- Perspective Plan of Bangladesh, National Sustainable Development Strategy, Intended Nationally Determined Contributions (INDCs), Bangladesh Delta Plan 2100 এবং Sustainable Development Goals (SDGs) বাস্তবায়নের সাথে সঙ্গতি রেখে প্রণীত টেকসই অর্থায়ন নীতিমালা ২০২০ এর আলোকে পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নকে ত্বরান্বিতকরণের উদ্দেশ্যে পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃ অর্থায়ন স্কিম (Refinance Scheme for Green Products/Projects/Initiatives) চালু করা হয়। পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের ক্রমবর্ধমান চাহিদা পর্যালোচনায় আলোচ্য স্কিম এর পুনঃ অর্থায়ন সংশ্লিষ্ট পণ্য/প্রকল্প/উদ্যোগের বিদ্যমান পরিসর যুগোপযোগী করা হয়েছে। সার্বিক বিবেচনায়, পূর্ববর্তী সার্কুলার এ বর্ণিত নীতিমালার পরিমার্জন করে এ সার্কুলার জারি করা হলো।

২। **তহবিলের আকার:** ৪০০ (চারশত) কোটি টাকা (আবর্তনশীল)।

৩। **তহবিলের উৎস:** বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস।

৪। **পুনঃ অর্থায়ন সুবিধার মেয়াদ:** ৩-১০ বছর। তবে Affordable Green Housing এর ক্ষেত্রে উক্ত মেয়াদ হবে সর্বোচ্চ ২০ বছর। এ পুনঃ অর্থায়ন সুবিধা মঞ্জুরে প্রযোজ্য ক্ষেত্রে গ্রেস পিরিয়ড প্রদান করা হবে, যা কোনভাবেই ১ (এক) বছরের বেশি হবে না।

৫। **তহবিল গঠনের উদ্দেশ্য:** পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নকে ত্বরান্বিতকরণ।

৬। **সুদ/মুনাফা হার:**

৬.১। বাংলাদেশ ব্যাংক কর্তৃক PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার ১%;

৬.২। PFI কর্তৃক সরাসরি কিংবা ইন্টারমিডিয়ারি এর সহায়তায় ঋণ বিতরণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৫%। তবে, সরকার ঘোষিত অগ্রাধিকার খাত হিসেবে কৃষি খাতের "Solar Irrigation Pump" এর ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৩%; এবং

৬.৩। এ সার্কুলার জারির পূর্বে মঞ্জুরিকৃত পুনঃ অর্থায়ন সুবিধা ক্ষেত্রে পূর্ব নির্ধারিত সুদ/মুনাফা হার অপরিবর্তিত থাকবে।

৭। **অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (Participatory Financial Institution-PFI):** এ স্কিম এর আওতায় পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে (PFI) বাংলাদেশ ব্যাংকের (পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা) সাথে অংশগ্রহণকারী চুক্তি সম্পাদন করতে হবে। উল্লেখ্য, ইতঃপূর্বে চুক্তি সম্পাদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের জন্য নতুন করে চুক্তি সম্পাদনের প্রয়োজন হবে না। সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এ স্কিম সংক্রান্ত নির্দেশনাসমূহ সকল PFI-কে পরিপালন করতে হবে।

৮। **পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির যোগ্যতা:**

৮.১। PFI পর্যায়ে:

(ক) সকল রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান আলোচ্য পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় ঋণ প্রদান করতে পারবে;

(খ) বেসরকারি ও বিদেশি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে শ্রেণিকৃত ঋণ/বিনিয়োগের (Classified Loan/Investment) হার ১০% এর কম হতে হবে;

(গ) Syndicated Financing-এর বিপরীতে এ পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির সুযোগ থাকবে। পুনঃ অর্থায়ন সুবিধা Lead ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান-এর অনুকূলে প্রদান করা হবে। সিন্ডিকেশন এ অন্তর্ভুক্ত সকল PFI-এর বাংলাদেশ ব্যাংকের সাথে এ স্কিম সংক্রান্ত অংশীদারী চুক্তি সম্পাদনের বিষয়টি নিশ্চিত করতে হবে। তবে Lead ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এবং অন্যান্য অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পৃথকভাবে আবেদন করতে পারবে।

(ঘ) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যৌক্তিক কারণে Credit Purchase/Loan/Investment Takeover-এর বিপরীতে পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন করতে পারবে।

(ঙ) এ স্কিম এর আওতায় পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে কেবল মেয়াদি ঋণ/বিনিয়োগ (Term Loan/Investment) এর বিপরীতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। প্রকল্পের পরামর্শক খরচ, মেরামত সংক্রান্ত ব্যয়, রক্ষণাবেক্ষণ খরচ এবং চলতি মূলধন বাবদ কোনরূপ ব্যয় পুনঃ অর্থায়ন সুবিধার আওতাভুক্ত হবে না;

(চ) পুনঃ অর্থায়নের সর্বোচ্চ সীমা PFI কর্তৃক বিতরণকৃত ঋণের/বিনিয়োগের সমপরিমাণ হবে অথবা পণ্য/প্রকল্পের উৎপাদন ক্ষমতা, প্রকৃত ব্যয় ইত্যাদির আলোকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে;

(ছ) একক গ্রাহক বা গোষ্ঠীর ক্ষেত্রে ঋণ/বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ সীমা বিষয়ে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-তে বর্ণিত নির্দেশনাসহ বিআরপিডি সার্কুলার নং:০১/২০২২ বা এ সংশ্লিষ্ট অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনা অনুসরণ নিশ্চিত করতে হবে।

৮.২। গ্রাহক পর্যায়ে:

(ক) খেলাপি গ্রাহকের অনুকূলে প্রদত্ত ঋণের/বিনিয়োগের বিপরীতে পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন বিবেচ্য হবে না। PFI কর্তৃক পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের হালনাগাদ সিআইবি রিপোর্ট সংগ্রহ ও ঋণ/বিনিয়োগ গ্রহীতা খেলাপি নয় মর্মে নিশ্চিত হতে হবে;

(খ) পুনঃ অর্থায়নের জন্য আবেদন সংশ্লিষ্ট পণ্য/প্রকল্প/উদ্যোগ প্রযোজ্য ক্ষেত্রে PFI কর্তৃক ঋণ/বিনিয়োগ বিতরণের/প্রকল্প পরীক্ষামূলকভাবে চালু হওয়ার/প্রয়োজনীয় সার্টিফিকেট প্রাপ্তির পরবর্তীতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করা হলে তা বিবেচনাযোগ্য হবে;

(গ) বিতরণকৃত ঋণের/বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের কোনো উৎস হতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্ত প্রকল্প এ স্কিম এর আওতায় বিবেচ্য হবে না;

(ঘ) Credit Purchase/Loan/Investment Takeover-এর বিপরীতে পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ বিরূপভাবে শ্রেণিকৃত/বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ায় পুনঃতফসিলিকৃত বা সুদ/মুনাফা মওকুফকৃত নয় মর্মে নিশ্চিত করতে হবে। তাছাড়া সংশ্লিষ্ট গ্রাহকের ঋণ/বিনিয়োগ অবলোপনের ইতিহাস পুনঃ অর্থায়নের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

(ঙ) ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, সুবিধা মঞ্জুর ও বিতরণ, এ বিষয়ক দলিলাদি সম্পাদন, ঋণ/বিনিয়োগের অর্থের সদ্ব্যবহার, ঋণ/বিনিয়োগ পরবর্তী তদারকির ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব ঋণ নীতিমালা ও ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ESRM সংশ্লিষ্ট নীতিমালা (এসএফডি সার্কুলার নং:০৩/২০২২) সহ এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে যথাযথ নিয়মাচার অনুসরণ করতে হবে।

**৯। পুনঃ অর্থায়নের আবেদন প্রক্রিয়া:**

৯.১। বিআরপিডি সার্কুলার লেটার নং:৫৪/২০২০-এর অনুচ্ছেদ ২-এর নির্দেশনার ধারাবাহিকতায় PFI কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা কিংবা তাঁর মনোনীত এক স্তর নিচের কর্মকর্তার স্বাক্ষরিত আবেদনপত্র এ সার্কুলার এর সংযোজনী-৩ এবং এসএফডি সার্কুলার লেটার:০১/২০২১-এ বর্ণিত তথ্যাদি ও দলিলাদি সহকারে পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর দাখিল করতে হবে;

৯.২। যে সকল পণ্য/প্রকল্প/উদ্যোগের ক্ষেত্রে প্রকল্প পরীক্ষামূলকভাবে চালুকরণ (Trial Run) অত্যাবশ্যকীয় সে সকল পণ্য/প্রকল্প/উদ্যোগের ক্ষেত্রে প্রকল্প পরীক্ষামূলকভাবে চালুকরণের পর অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (PFI) তাদের বিতরণকৃত ঋণের/বিনিয়োগের বিপরীতে পুনঃ অর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করবে। সংযোজনী-১ এ বর্ণিত পণ্য/প্রকল্প/উদ্যোগ তালিকার ক্রমিক নং ১, ১৫, ১৬, ১৭, ১৮, ৫০-৬৩ এবং ৬৫-৭০ এর জন্য Trial Run সম্পাদনের আবশ্যকতা নেই;

৯.৩। **Green Industry, Green Building, Green Featuring Building** ও **Affordable Green Housing**-এর ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রযোজ্য সংশ্লিষ্ট সার্টিফিকেট/প্রি-সার্টিফিকেট প্রাপ্তির পর আবেদন করা হলে পুনঃ অর্থায়ন সুবিধা বিবেচনাযোগ্য হবে;

৯.৪। সংশ্লিষ্ট ঋণের/বিনিয়োগের বিপরীতে গ্রাহক কর্তৃক পরিশোধিত কিস্তি ও কোনোরূপ সুদ/মুনাফা পুনঃ অর্থায়ন সুবিধার আওতামুক্ত থাকবে; এবং

৯.৫। এ স্কিম এর আওতাধীন পণ্য/প্রকল্প/উদ্যোগসমূহের ক্ষেত্রে সম্পূর্ণ প্রকল্প বিবেচনায় গ্রাহকের Equity Contribution এর বিষয়টি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে PFI সমূহ তাদের বিদ্যমান নীতিমালার আলোকে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত নির্ধারণ করবে। তবে, প্রকল্পের ঋণ/বিনিয়োগ-মূলধন (Debt/Investment-Equity) অনুপাত ৭০:৩০ হতে হবে।

**১০। পুনঃ অর্থায়ন সুবিধা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হিসাবায়নঃ**

১০.১। এ স্কিম এর আওতায় পুনঃ অর্থায়নকৃত অর্থ মঞ্জুরের শর্তানুযায়ী সুদ/মুনাফাসহ নির্ধারিত মেয়াদের মধ্যে Fixed Principal Method অনুসরণপূর্বক আদায়যোগ্য হবে। অনুরূপভাবে, এ সংশ্লিষ্ট ঋণের/বিনিয়োগের সুদ/মুনাফাসহ সমুদয় অর্থ গ্রাহক কর্তৃক Fixed Principal Method এ পরিশোধযোগ্য হবে। এক্ষেত্রে Amortization Schedule এর নমুনা (সংযোজনী-২) অনুসরণযোগ্য হবে;

১০.২। গ্রাহক পর্যায়ে পরিশোধ্য কিস্তি হিসাবায়নে এ সার্কুলার এর অনুচ্ছেদ ৬-এ বর্ণিত সুদ/মুনাফা হার ব্যতীত কোনো ধরনের Hidden Expenses বা অন্য কোন ধরনের চার্জ/ফি/সুদ/মুনাফা আরোপ করা যাবে না। তবে, প্রযোজ্য ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত/ধার্যকৃত শুল্ক/কর আদায়যোগ্য হবে;

১০.৩। পুনঃ অর্থায়ন সুবিধা মঞ্জুর করা হলে এ সুবিধা প্রাপ্তির পর গ্রাহক পর্যায়ে অবশিষ্ট ঋণ/বিনিয়োগ আদায়ের সময়কাল এবং PFI পর্যায়ে পুনঃ অর্থায়নকৃত অর্থ পরিশোধের সময়কাল পুনঃ অর্থায়ন গ্রহণের তারিখ হতে হিসাবায়ন হবে;

১০.৪। পুনঃ অর্থায়ন সুবিধা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রাহক কর্তৃক নির্দিষ্ট মেয়াদের পূর্বে সমন্বয় করা হলে সংশ্লিষ্ট PFI কর্তৃক বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করত তা এককালীন পরিশোধ করতে হবে। উল্লেখ্য, ৩০ আগস্ট ২০২৩ তারিখের পূর্বে পুনঃ অর্থায়িত প্রকল্পসমূহের জন্য তৎকালীন সার্কুলার এর নির্দেশনা প্রযোজ্য হবে। মেয়াদ পূর্তির পূর্বে ঋণ/বিনিয়োগ সমন্বয়ের জন্য গ্রাহক পর্যায়ে কোনো প্রকার অতিরিক্ত চার্জ/ফি আরোপ করা যাবে না;

১০.৫। গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংক থেকে গৃহীত পুনঃ অর্থায়নের দায় পরিশোধকে কোনোভাবেই সম্পর্কিত করা যাবে না।

**১১। পুনঃ অর্থায়ন সম্পর্কিত তথ্য সরবরাহঃ**

১১.১। PFI কর্তৃক পুনঃ অর্থায়ন বাবদ গৃহীত অর্থের হালনাগাদ বিবরণী (ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী অথবা ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত forwarding letter সহ) ত্রৈমাসিক ভিত্তিতে **সংযোজনী-৪** অনুসারে প্রতি ত্রৈমাস অন্তে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর দাখিল করতে হবে। যেসকল PFI কোন ত্রৈমাসে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি তারা সংশ্লিষ্ট ত্রৈমাসিক প্রতিবেদনে 'NIL' বিবরণী দাখিল করবে। পুনঃ অর্থায়নকৃত ঋণের/বিনিয়োগের সদ্ব্যবহারের বিষয়টি বাংলাদেশ ব্যাংক স্বীয় বিবেচনায় বা প্রয়োজনীয়তার নিরিখে যেকোনো সময় সরেজমিন পরিদর্শন করবে;

১১.২। পুনঃ অর্থায়নকৃত অর্থ সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের যাচিত তথ্যাদি/বিবরণী নির্ধারিত সময়ে PFI কর্তৃক দাখিল করা না হলে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১১.৩। নিম্নবর্ণিত অবস্থার অবতারণা হলে অংশগ্রহণ চুক্তিপত্রের শর্তানুসারে PFI কে পুনঃ অর্থায়নকৃত অর্থ সুদ/মুনাফা/চার্জ (PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার+ব্যাংক হার) সহ এককালীন ফেরত প্রদান করতে হবে এবং উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২, ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ ও আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুযায়ী স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করা হবে:

ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিন পরিদর্শনে পুনঃ অর্থায়নকৃত ঋণের/বিনিয়োগের সদ্ব্যবহার হয়নি মর্মে উদ্‌ঘাটিত হলে এবং

খ) পুনঃ অর্থায়ন স্কিম এর আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহকের ঋণ/বিনিয়োগ হিসাব বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ার পরও বাংলাদেশ ব্যাংককে তাৎক্ষণিকভাবে অবহিত করা না হলে।

১১.৪। PFI সমূহ পুনঃ অর্থায়ন সম্পর্কিত তথ্যাদি প্রধান কার্যালয় ও শাখাসমূহে সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানে প্রদর্শন করবে।

**১২। পুনঃ অর্থায়ন আদায় প্রক্রিয়া:**

১২.১। অংশগ্রহণকারী চুক্তি অনুযায়ী PFI কর্তৃক পুনঃ অর্থায়নকৃত অর্থ সুদ/মুনাফাসহ পরিশোধ নিশ্চিত করতে হবে এবং এ মর্মে PFI কে Demand Promissory Note সম্পাদন করতে হবে;

১২.২। পুনঃ অর্থায়ন বাবদ গৃহীত অর্থ ছাড়করণের তারিখ থেকে ত্রৈমাসিক কিস্তিতে নির্দিষ্ট পরিশোধসূচি অনুযায়ী সুদ/মুনাফাসহ পরিশোধযোগ্য হবে;

১২.৩। পরিশোধসূচি অনুযায়ী নির্ধারিত তারিখে সুদ/মুনাফাসহ পুনঃ অর্থায়নকৃত অর্থের পরিশোধযোগ্য কিস্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট PFI এর চলতি হিসাব বিকলনের মাধ্যমে আদায় করা হবে। এক্ষেত্রে, নির্ধারিত দিনে সংশ্লিষ্ট হিসাবে প্রয়োজনীয় অর্থ থাকার বিষয়টি PFI কর্তৃক নিশ্চিত করতে হবে। কিস্তি পরিশোধে ব্যর্থ হলে বা কিস্তির সমপরিমাণ অর্থ না থাকলে পরবর্তীতে PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার+ব্যাংক হার আরোপপূর্বক সংশ্লিষ্ট কিস্তি আদায় করা হবে; এবং

১২.৪। Syndicated Financing-এর ক্ষেত্রে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান করা হলে এ সংশ্লিষ্ট ত্রৈমাসিক কিস্তি Lead ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান-এর নিকট হতে আদায় করা হবে। অপরাপর সদস্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের অর্থায়ন অনুপাতে (Pro-rata Basis) পুনঃ অর্থায়ন সুবিধা বন্টন, পুনঃ অর্থায়নকৃত অর্থের কিস্তি আদায় ও অন্যান্য দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে Lead ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান-এর উপর ন্যস্ত থাকবে।

**১৩। পুনঃ অর্থায়নের জন্য উপযুক্ত পণ্য/প্রকল্প/উদ্যোগ:**

পুনঃ অর্থায়ন স্কিম এর অধীনে এ সার্কুলার এর সংযোজনী-১ এ বর্ণিত পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগসমূহ পুনঃ অর্থায়নের জন্য বিবেচিত হবে।

**১৪। গ্রাহক পর্যায়ে ঋণের/বিনিয়োগের তদারকি ও সদ্ব্যবহার নিশ্চিতকরণ:**

১৪.১। বিদ্যমান ঋণ/বিনিয়োগ নিয়মাচারের পরিপালন নিশ্চিতকরণ, গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের/বিনিয়োগের সকল ঝুঁকি ও ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট PFI'র উপর ন্যস্ত থাকবে;

১৪.২। গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ বিরূপমানে শ্রেণিকৃত হলে পুনঃ অর্থায়ন সুবিধা বাতিল মর্মে বিবেচিত হবে। বাংলাদেশ ব্যাংক সুদ/মুনাফাসহ বকেয়া পুনঃ অর্থায়নকৃত অর্থ এককালীন আদায় করবে; এবং

১৪.৩। প্রকল্প বাস্তবায়নে পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, Sustainable and Renewable Energy Development Authority (SREDA), Directorate General of Health Services, Office of The Chief Inspector of Boilers ও অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক সময় সময় জারিকৃত প্রযোজ্য সকল নির্দেশনার পরিপালন ঋণ/বিনিয়োগ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।

১৫। এ সার্কুলার এর সংযোজনীসমূহ (সংযোজনী ১, ২, ৩, ৪, ৫ এবং ৬ ) সার্কুলার এর অবিচ্ছেদ্য অংশ মর্মে গণ্য হবে।

১৬। ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ উপর্যুক্ত শর্তাদির ব্যত্যয় না করে স্বীয় অনুমোদিত বিনিয়োগ পদ্ধতির ভিত্তিতে এ তহবিলের আওতায় গ্রাহক পর্যায়ে বিনিয়োগ করতে পারবে।

১৭। এ পুনঃ অর্থায়ন স্কিম এর শর্তাদি বা তহবিলের বিষয়ে যে কোনো সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে। এতদ্ব্যতীত ইতঃপূর্বে জারিকৃত এসএফডি সার্কুলার নং-০৪, তারিখ: ২৪ জুলাই ২০২২ এর নির্দেশনা এতদ্বারা রহিত করা হলো।

১৮। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী লিয়াকত আলী)
পরিচালক (এসএফডি)
ফোন: ৯৫৩০৩২০

# সংযোজনীঃ ১-পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের তালিকা

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

**খাত ১ঃ নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| সৌর শক্তি | ১. Solar Home System | সোলার হোম সিস্টেমের প্রকৃত মূল্য এবং স্থাপন ব্যয়। | ১০ Wp-১০০০Wp বা এর অধিক ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী। (আবাসিক) |
| | **Establishment of following types of Solar Grid on soil surface or rooftop (২-৫)** | | | |
| | ২. Solar Pico Grid | প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রয়/আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়। | ৫০০ Wp এর সমান বা তদূর্ধ্ব কিন্তু ৩০০০ Wp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল (৫০০ Wp ≤ P <৩০০০ Wp)। | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার / প্রতিষ্ঠান[১]। <br>❖ সমবায় সমিতি[৩] ও RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। |
| | ৩. Solar Micro Grid | -ঐ- | ১০ KWp এর সমান বা তদূর্ধ্ব কিন্তু ১০০ KWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল (১০০০০ Wp ≤ P <১০০০০০ Wp)। | -ঐ- |
| | ৪. Solar Park | -ঐ- | Solar Pico Grid, Micro Grid, Nano Grid, Mini Grid এর আওতাভুক্ত নয় এমন সোলার প্যানেল। | -ঐ- |
| | ৫. Solar Irrigation Pumping System | সোলার প্যানেল, সাবমারসিবল পাম্প, ইনভার্টার/কন্ট্রোলার, সুইচিং সিস্টেম, ড্রেনেজ সিস্টেম ইত্যাদি খাতে অর্থায়ন পুনঃঅর্থায়নের আওতায় আসবে। | সৌর শক্তি দ্বারা চালিত যেকোনো ক্ষমতা সম্পন্ন পানির পাম্প। | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী। <br>❖ কৃষক সমবায় সমিতি[৩] অথবা সমশ্রেণির নিবন্ধিত প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠান। |
| | ৬. Solar Photovoltaic (PV) Assembly/ Manufacturing Plant | প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রয়/আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়। | দেশীয় চাহিদা পূরণের লক্ষ্যে দেশে প্রতিষ্ঠিত সোলার পিভি প্লান্ট স্থাপনার্থে প্রদত্ত ঋণ পুনঃ অর্থায়ন সুবিধাভুক্ত হবে। | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। <br>❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। |
| | ৭. Solar Water Heater Assembly/Manufacturing Plant | -ঐ- | নবায়নযোগ্য জ্বালানি তথা সৌরশক্তির ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে এসকল প্রকল্প/উদ্যোগ পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় আসবে। | -ঐ- |
| | ৮. Solar Nano Grid | -ঐ- | ৩ KWp এর সমান বা তদূর্ধ্ব কিন্তু ১০ KWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল (৩০০০ Wp ≤ P <১০০০০ Wp)। | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। <br>❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। |
| | ৯. Solar Mini Grid | ঐ- | ১০০ KWp এর সমান বা তদূর্ধ্ব কিন্তু ৫ MWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল ( ১০০০০০ Wp ≤ P <৫০০০০০০ Wp)। | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। <br>❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। |
| | ১০. Net Metering Rooftop Solar System | ঐ- | গৃহস্থালি, বাণিজ্যিক, শিল্প কারখানায় জীবাশ্ম জ্বালানি ভিত্তিক বিদ্যুতের উপর নির্ভরশীলতা কমানোর লক্ষ্যে এ ধরণের প্রকল্প পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় আসবে। | -ঐ- |
| | ১১. পানীয় জলের জন্য সৌর পাম্প (Solar Pump for Drinking Water) | ঐ- | সৌর শক্তি চালিত পাম্প ব্যবহারপূর্বক ভূ-উপরিস্থ পানি উত্তোলন করতঃ পরিশোধনপূর্বক পান উপযোগী করে সরবরাহ প্রকল্প স্থাপনের জন্য পুনঃ অর্থায়ন সহায়তা প্রযোজ্য হবে। | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। <br>❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। <br>❖ MRA[৫] এর নিবন্ধিত MFI[৬]। |

খাত ১ঃ নবায়নযোগ্য জ্বালানি **(Renewable Energy)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| সৌর শক্তি | ১২. Solar Cooker Assembly/ Manufacturing Plant | প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রয়/আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয় | নবায়নযোগ্য জ্বালানি তথা সৌরশক্তির ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে এসকল প্রকল্প/উদ্যোগ পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় আসবে। | ❖ একক অথবা যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। |
| | ১৩. Solar Air Heater & Cooling System Assembly/Manufacturing Plant | ঐ- | -ঐ- | |
| | ১৪. Solar Powered Cold Storage | ঐ- | -ঐ- | |
| বায়ো গ্যাস | **Establishment of Biogas Plant using following raw materials: (i) Agricultural residues*, (ii) Community based wastes**, (iii) Industrial wastes*** (১৫-১৮)** | | | |
| | ১৫. Small size biogas plant: 1.2, 1.6, 2.0, 2.4, 3.2 and 4.8 cubic meter gas production per day. | বায়োগ্যাসপ্লান্ট স্থাপনের পুরকর্ম ব্যয়। | সর্বনিম্ন ১.২ ঘনমিটার থেকে সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার ক্ষমতা সম্পন্ন বায়োগ্যাস স্থাপনের জন্য অর্থায়িত প্রকল্প। | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।<br>❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান।<br>❖ MRA[৫] এর নিবন্ধিত MFI[৬]। |
| | ১৬. Medium size biogas plant: capacity varies from 6 to 25 cubic meter gas productions per day. | প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্ক, অন্যান্য প্রযুক্তি স্থাপন ব্যয়। | গৃহস্থালি ও বাণিজ্যিকভাবে গ্যাস অথবা গ্যাস হতে বিদ্যুৎ উৎপাদন। | -ঐ- |
| | ১৭. Large size biogas having capacity 26 cubic meter gas production to 200 cubic meter gas production per day and above. | -ঐ- | পোল্ট্রি ও ডেইরি ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও বিদ্যুৎ উৎপাদন। | -ঐ- |
| | ১৮. সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন (Integrated Cow Rearing and Setting up of Bio-gas Plant)। | গরু ক্রয় এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ব্যয়, পুরকর্ম ব্যয়। | বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্য ন্যূনতম ৪ (চার)টি উন্নত জাতের গরু এবং বায়োডাইজেস্টার প্রস্তুত। | -ঐ- |
| বায়ু বিদ্যুৎ | ১৯. বায়ু শক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট (Wind Power Plant) | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় (টার্বাইন+কন্ট্রোলার), সিভিল ওয়ার্ক ও টাওয়ার নির্মাণ ব্যয়। | উপকূলীয় এলাকাসহ সম্ভাবনাময় দেশের যে কোন এলাকায় বায়ু শক্তি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে। | ❖ একক অথবা যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। |
| জল বিদ্যুৎ | ২০. জলবিদ্যুৎ প্লান্ট (Hydro Power Plant) | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়। | যেকোন ক্ষমতা সম্পন্ন জলবিদ্যুৎ প্লান্ট স্থাপনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে। | -ঐ- |

খাতঃ ২ জ্বালানি দক্ষতা ও সম্পদ ব্যবহারে দক্ষতা **(Energy & Resource Efficiency)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| | ২১. Installation of Energy Auditor Certified machineries including boiler in industries for following purposes:<br>i. Energy Efficiency<br>ii. Resource Efficiency<br>iii. Heat and temperature management<br>iv. Air ventilation and circulation efficiency<br>v. Waste Heat Recovery System/Unit | জ্বালানি দক্ষ/সাশ্রয়ী মূলধনী/অন্যান্য (Air Efficiency/Water Efficiency ইত্যাদি) যন্ত্রপাতি স্থাপনের স্থানীয় ব্যয়/আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়। | এনার্জি অডিট রিপোর্ট দাখিল করতে হবে।[৭] | ❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান |
| | ২২. Auto sensor power switch assembly Plant | প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়। | -ঐ- | -ঐ- |
| | ২৩. Energy efficient Cook Stove Assembly Plant | -ঐ- | -ঐ- | -ঐ- |
| | ২৪. LED Bulb/Tube Manufacturing/ Assembly Plant | ঐ- | আমদানিকৃত এলইডি ডায়োড উচ্চমান সম্পন্ন ও দীর্ঘস্থায়ী হতে হবে ও এসেম্বলি প্রতিষ্ঠানকে অবশ্যই warrenty সহ বিক্রয়োত্তর সেবা দিতে হবে। | -ঐ- |
| | ২৫. এনার্জি এফিশিয়েন্ট লাইম কিলন (Energy Efficient Lime Kiln) | -ঐ- | গ্যাস সাশ্রয়ের জন্য সনাতন পদ্ধতিতে পরিচালিত চুন চুল্লিসমূহকে উন্নত ও জ্বালানি দক্ষ প্রযুক্তিসম্পন্ন চুল্লি দ্বারা প্রতিস্থাপনের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। | -ঐ- |
| | ২৬. উন্নত রাইস বয়েলিং সিস্টেম (Improved Rice Parboiling System) | শুধু জ্বালানি সাশ্রয়ী বয়লার স্থাপন ব্যয় অথবা সম্পূর্ণ অটোমেটেড রাইস মিল স্থাপন এর স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও সিভিল ওয়ার্কস। | দেশের চাল কল/চাতালসমূহের বিদ্যমান সনাতনী প্রক্রিয়ার স্থলে জ্বালানি সাশ্রয়ী প্রযুক্তি স্থাপন। | -ঐ- |

খাতঃ ৩: বিকল্প জ্বালানি **(Alternative Energy)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| | ২৭. Pyrolysis Oil/Bio-crude Oil/Bio Fuel Manufacturing Plant | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয়, ও সিভিল ওয়ার্ক | টায়ার এবং অন্যান্য উৎস হতে পাইরোলাইসিস প্রক্রিয়াতে তরল দাহ্য উৎপাদনের পাশাপাশি বাই-প্রোডাক্ট হিসেবে ব্লাক কার্বন ও স্ক্র্যাপ আয়রন উৎপাদন। | ❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান।<br>❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। |
| | ২৮. Lithium Battery Manufacturing Plant | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয়, ও সিভিল ওয়ার্ক | কাঁচামাল (আমদানিকৃত/স্থানীয় পর্যায়ে উৎপাদনকৃত) ও শ্রম বিনিয়োগ করে যেকোনো ধরনের লিথিয়াম ব্যাটারি উৎপাদন। | ❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান |

**খাতঃ ৪ ও ৫: তরল বর্জ্য ব্যবস্থাপনা এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (Liquid & Solid Waste Management)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| তরল বর্জ্য ব্যবস্থাপনা | **Installation of Effluent Treatment Plant (ETP)** | | | |
| | ২৯. Biological ETP | ETP স্থাপনের প্রকৃত ব্যয় (অবকাঠামো নির্মান, পাইপিং এবং যন্ত্রাংশ বাবদ ব্যয়)। | দৈনিক সর্বনিম্ন ৪০০ অথবা তদূর্ধ্ব ঘনমিটার পরিশোধন ক্ষমতাসম্পন্ন হতে হবে। | পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী যেসকল শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন প্লান্ট স্থাপন (ইটিপি) বাধ্যতামূলক। |
| | ৩০. Combination of Biological and Chemical ETP | -ঐ- | -ঐ- | -ঐ- |
| | ৩১. Conversion of Chemical ETP into Combination of Biological and Chemical ETP | -ঐ- | -ঐ- | -ঐ- |
| | ৩২. Central ETP | -ঐ- | একের অধিক প্রতিষ্ঠানের জন্য স্থাপিত ইটিপি সেন্ট্রাল ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট হিসেবে গণ্য হবে। | -ঐ- |
| | ৩৩. বর্জ্য পানি প্রক্রিয়াজাতকরণ প্রকল্প (Waste Water Treatment Plant) | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও সিভিল ওয়ার্কস। | বিভিন্ন সুউচ্চ ভবন/ফ্ল্যাট/আবাসিক এলাকা এবং শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য (শিল্পের তরল বর্জ্য ব্যতীত) ও পয়ঃনিষ্কাশনের পানি প্রক্রিয়াকরণ প্রকল্পে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান করা হবে। | একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান অথবা RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। |
| | ৩৪. পয়ঃনিষ্কাশিত তরল প্রক্রিয়াজাতকরণ প্রকল্প (Sewage Water Treatment Plant) | -ঐ- | -ঐ- | |
| কঠিন বর্জ্য ব্যবস্থাপনা | ৩৫. পৌর বর্জ্য হতে মিথেন রিকভারি ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প (Methane Recovery and Power Production from Municipal Waste Plant) | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয়, জেনারেটর ক্রয়, সাবস্টেশন ক্রয় ও পুরকর্ম ব্যয়। | পঁচনশীল/ক্ষতিকারক বর্জ্যকে সংগ্রহপূর্বক বৈজ্ঞানিক ও পরিবেশবান্ধব প্রক্রিয়াতে পরিশোধনপূর্বক পরিবেশ দূষণ রোধ করার জন্য এ ধরণের প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। | ❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান |
| | ৩৬. পৌর বর্জ্য হতে কম্পোস্ট উৎপাদন প্রকল্প (Compost Production from Municipal Waste Plant) | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও সিভিল ওয়ার্কসসহ সকল আনুষঙ্গিক ব্যয়। | -ঐ- | |
| | ৩৭. বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (Hazardous Waste Management Unit/Plant) | -ঐ- | -ঐ- | |
| | ৩৮. চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (Medical Waste Management Unit/Plant) | -ঐ- | -ঐ- | |
| | ৩৯. ই-বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (E-waste Management Unit/Plant) | -ঐ- | -ঐ- | |
| | ৪০. Sludge Management Unit/Plant | -ঐ- | -ঐ- | |

খাত ৬ঃ পুনঃ প্রক্রিয়াকরণ ও পুনঃ প্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ **(Recycling and Manufacturing of Recyclable Goods)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | ঋণের আওতা | পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের বৈশিষ্ট্য | পুনঃ অর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| | ৪১. PET Bottle Recycling Plant | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়। | পুনঃ ব্যবহারযোগ্য সামগ্রীসমূহ পরিবেশবান্ধব প্রক্রিয়ায় মাধ্যমে শোধনপূর্বক প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে ব্যবহার উপযোগী করার প্রকল্পসমূহে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। | ❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান |
| | ৪২. Plastic Waste (PVC, PP, LDPE, HDPE,PS) Recycling Plant | -ঐ- | -ঐ- | |
| | ৪৩. Paper Recycling Plant | -ঐ- | -ঐ- | |
| | ৪৪. Recyclable Bag Manufacturing Plant | -ঐ- | -ঐ- | |
| | ৪৫. Recyclable Poly Propylene Thread and Bag Manufacturing Plant | -ঐ- | -ঐ- | |
| | ৪৬. Battery (Solar/Led Acid/Lithium Ion) Recycling Plant | -ঐ- | -ঐ- | |

খাত ৭ঃ পরিবেশবান্ধব ইট-উৎপাদন **(Environment Friendly Brick Production)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| | ৪৭.Compressed Block-Brick | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয়, পুরকর্ম ব্যয়। পরামর্শকের ফি, মেরামত সংক্রান্ত ব্যয় এবং চলতি মূলধন পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় বিবেচনাযোগ্য হবেনা। | যেকোনো পরিমাণ ইট উৎপাদনের ক্ষমতা সম্পন্ন প্রকল্প স্থাপন ও বিদ্যমান প্রকল্পের উন্নয়ন/রূপান্তর সাধন | ❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান।<br>❖ প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র ও জেলা প্রশাসক কর্তৃক গ্রাহকের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স থাকতে হবে। |
| | ৪৮. Foam Concrete Brick | -ঐ- | -ঐ- | |
| | ৪৯. Other Environment Friendly Brick Kiln Project (HHK, Tunnel Kiln, and other eco-friendly bricks) | -ঐ- | সরকার কর্তৃক স্বীকৃত ইটের যেকোনো পরিমান উৎপাদন ক্ষমতা সম্পন্ন প্রকল্প স্থাপন ও বিদ্যমান প্রকল্পের উন্নয়ন/রূপান্তর সাধন | |

**খাত ৮ঃ পরিবেশবান্ধব স্থাপনা (Green/Environment Friendly Establishments)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| | ৫০. Establishment of Certified Green Industry<br>৫১. Establishment of Certified Green Building<br>৫২.Establishment/Installation 'Green Featuring' in the Buildings/Industries (সংযোজনী-৫) | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়। | গ্রিন ইন্ডাস্ট্রি, গ্রিন বিল্ডিং স্থাপন অথবা বিদ্যমান বিল্ডিংকে গ্রিন ফিচারিং বিল্ডিং এ রূপান্তর খাতে পুনঃ অর্থায়ন প্রযোজ্য হবে। গ্রিন বিল্ডিং ফিচারিং এর জন্য সংযুক্তি-৫ দ্রষ্টব্য। | ❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান।<br>❖ পুনঃ অর্থায়ন সুবিধা পাওয়ার জন্য আবশ্যিকভাবে সংশ্লিষ্ট সার্টিফিকেট থাকতে হবে।[৮] |
| | ৫৩. Affordable Green Housing[১০] (সংযোজনী-৬) | | নিম্ন/মধ্যবিত্তের জন্য নির্মিতব্য পরিবেশবান্ধব আবাসন। | ❖ পরিবেশবান্ধব আবাসনের মালিকানা ক্রয়ের জন্য নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণীর[১১] ব্যক্তি অথবা ব্যক্তিবর্গ বিশেষ।<br>❖ একক, যৌথ মালিকানা, RJSC[৪] এর নিবন্ধিত আবাসন প্রকল্প নির্মাণকারী প্রতিষ্ঠান।<br>❖ পুনঃ অর্থায়ন সুবিধা পাওয়ার জন্য আবশ্যিকভাবে সংশ্লিষ্ট সার্টিফিকেট থাকতে হবে।[৮] |

**খাত ৯ঃ সবুজ কৃষি (Green Agriculture)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| | ৫৪. বনায়ন (সামাজিক/সমন্বিত/কৃষি) (Forestation (Social/integrated/Agro) | বনায়ন | বনায়ন (সামাজিক/সমন্বিত/কৃষি) উৎসাহিত করার লক্ষ্যে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান (বীজ উৎপাদান প্রক্রিয়া এর আওতাভুক্ত) | একক /যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। |
| | ৫৫. জৈব চাষ (Organic Farming) | জমি চাষ এবং ফসল উৎপাদন | জৈব বর্জ্য (ফসল, পশু ও খামারের বর্জ্য, জলজ বর্জ্য) এবং অন্যান্য জৈবিক উপকরণ উপকারী জীবাণু (জৈবসার)ব্যবহার করে জমি চাষ এবং ফসল উৎপাদন (বীজ উৎপাদান প্রক্রিয়া এর আওতাভুক্ত) | একক /যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। |
| | ৫৬. ছাদের কৃষি/উল্লম্ব চাষ বা বাগান (Rooftop Agriculture/Vertical Farming or Gardening) | ছাদে কৃষি বা বাগান প্রতিষ্ঠা | সরকারি নীতির আলোকে প্রতিষ্ঠিত একক/যৌথ ভিত্তিতে বাড়ির বা প্রতিষ্ঠানের ছাদে কৃষি বা বাগান চাষ (বীজ উৎপাদান প্রক্রিয়া এর আওতাভুক্ত) | -ঐ- |
| | ৫৭. খাঁচায় মাছ চাষ (Fish cultivation in cage) | মৎস চাষ | নদী ও খালের প্রবাহিত পানিতে খাচায় মাছ চাষ | -ঐ- |
| | ৫৮. বায়োফ্লক মাছ চাষ (Biofloc fish cultivation) | মৎস্য চাষ | পানির ইকোসিস্টেমে নষ্ট ফিডের পাশাপাশি মাছের মলমূত্র খাদ্যে রূপান্তরিত হয় যা মাছ খেতে পারে। অণুজীব, ছত্রাক, শেওলা ইত্যাদির সংমিশ্রণে একটি বায়োফ্লক তৈরি হয় যা অজৈব বর্জ্য শোষণ করে এবং পানির গুণমান উন্নত করে। | -ঐ- |
| | ৫৯. ইন্টিগ্রেটেড রিসাইক্লিং সিস্টেম (IRS) মাছ চাষ/নিচ থেকে পরিষ্কার মাছ চাষ (Integrated Recycling System (IRS) fish cultivation/Bottom clean fish cultivation) | মৎস্য চাষ | ইন্টিগ্রেটেড রিসাইক্লিং সিস্টেম (IRS) মাছ চাষ/নিচ থেকে পরিষ্কার মাছ চাষ পদ্ধতিকে | |

**খাত ১০ঃ Green CMSME**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| | ৬২. কুটির শিল্পে অর্থায়ন (Floating system cultivation, Hydroponic cultivation/farming) | ক্ষুদ্র কুটির, ছোট ও মাঝারি শিল্প | পরিবেশবান্ধব ক্ষুদ্র কুটির, ছোট ও মাঝারি শিল্প এর মাধ্যমে জীবিকা সৃষ্টি | একক /যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। |

**খাত ১১ঃ সামাজিক দায়বদ্ধতা অর্থায়ন (Socially Responsible Finance (SRF)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|

৬৩.

**খাত ১২ঃ বিবিধ (Miscellaneous)**

| উপ খাত | পণ্য/উদ্যোগ/প্রকল্প | আওতা | বৈশিষ্ট্য | পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|---|---|
| | ৬৭. কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা বিষয়ক প্রকল্প (Safety and work environment of factory related projects) | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়। | কারখানার নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকল্পে অগ্নি প্রতিরক্ষা ব্যবস্থা স্থাপন, অগ্নি প্রতিরক্ষা ব্যবস্থা উন্নতিকরণ, সংস্কার এবং পুনর্গঠন সংক্রান্ত ব্যয় পুনঃ অর্থায়নের আওতায় বিবেচনাযোগ্য হবে। | ❖ একক / যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।<br>❖ RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান।<br>❖ সসকল প্রয়োজনীয় সনদ থাকতে হবে।[৯] |
| | ৬৮. কেঁচো কম্পোস্ট সার উৎপাদন (Production of Vermicompost) | গরু ক্রয় ও অন্যান্য ব্যয়। | কেঁচো কম্পোস্ট সারের বাণিজ্যিক উৎপাদনকে উৎসাহিত করার লক্ষ্যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। | ❖ একক /যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। |
| | ৬৯. স্লারি হতে জৈবসার প্রস্তুত। (Production organic fertilizer from slurry) | স্লারি শুকানো ও বাজারজাতকরণের লক্ষ্যে চাতাল নির্মাণ ও ভ্যান ক্রয়। | - | -ঐ- |
| | ৭০. পাটজাত পণ্য তৈরিকরণ শিল্প (Jute Products Manufacturing Industry) | প্রকল্পের স্থানীয়ব্যয়, আমদানি ব্যয় | | |

৮.গ্রিন ইন্ডাস্ট্রি/গ্রিন বিল্ডিং/গ্রিন বিল্ডিং ফিচারিং/ Affordable Green Housing সংক্রান্ত কোন সরকারি নির্দেশনা/পরিপত্র জারি না হওয়ায় সাময়িকভাবে Leadership in Energy and Environmental Design (LEED)/ Building Research Establishment Environmental Assessment Method (BREEAM)/Comprehensive Assessment System for Build Environment Efficiency (CASBEE)/Excellence in Design for Greater Efficiencies (EDGE)/ Green Rating for Integrated Habitat Assessment (GRIHA) অথবা Sustainable and Renewable Energy Development Authority(SREDA) কর্তৃক নির্মাণকৃত প্রকল্পটি ''গ্রিন ইন্ডাস্ট্রি/গ্রিন বিল্ডিং ফিচারিং/Affordable Green Housing' এ মর্মে প্রত্যায়িত হতে হবে। গ্রামাঞ্চলে অবস্থিত পরিবেশবান্ধব বসতভিটা এবং Climate Resilient Housing এর ক্ষেত্রে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (The Ministry of Local Government, Rural Development and Co-operatives), ইউনিয়ন পরিষদ বা সরকার মনোনীত অন্যকোনো সংস্থা কর্তৃক প্রত্যয়ন করা যেতে পারে। সরকারি নির্দেশনা/পরিপত্র জারি হওয়ার পর উক্ত সরকারি নির্দেশনা এক্ষেত্রে অনুসরণীয় হবে।

৯. সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে এবং কারখানা সংক্রান্ত প্রয়োজনীয় সকল সনদ রয়েছে (যেমনঃ ফায়ার লাইসেন্স, পরিবেশগত ছাড়পত্র, অবস্থানগত ছাড়পত্র ইত্যাদি) এ ধরনের সকল কল-কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিতকরণ খাতে বিতরণকৃত ঋণ পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় বিবেচনা করা হবে।

১০. Definition Affordable Green Housing: For the purpose of this policy, affordable green housing is defined as a certified green housing in Bangladesh with basic civic infrastructure which is afforded by Lower Income Group (LIG) and Middle Income Group (MIG). Development of eco-friendly homestead and climate resilient housing in the village area are also included within the scope of Affordable Green Housing.

১১. a) For the purpose of this policy, Lower Income Group includes individuals having a monthly income up to Tk.50,000 (Taka Fifty Thousand).

